













# মানুষের দুঃখ আরম্ভ



মানুষের দুঃখ আরম্ভ

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

আদিপুস্ড়ক ৩-৬

তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে
গীতসংহিতা ১১৯ : ১৩০

লেখক: Edward Hughes
চিত্রাংকন: Byron Unger; Lazarus
অনুবাদক: Shankar Sikder
অভিযোজন: M. Maillot; Tammy S.

গল্প ৬০ এর ২

M1914.org
Bible for Children, PO Box 3, Winnipeg MB R3C 2G1 Canada

স্বত্তাধিকার:গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্ড়ি হচ্ছে মৃত্যু।

ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্ড়িস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন। যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। এখন ঈশ্বর আমাদের পাপ ক্ষমা করতে পারেন।


আপনি যদি আপনার পাপ থেকে মন ফিরাতে চান তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন:
প্রিয় প্রভু, আমি বিশ্বাস করি যীশু আমার জন্য মরেছেন এবং আবার জীবিত হয়েছেন। দয়াকরে আমার জীবনে এসো, যেন আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্ড়কাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্ড়ান হিসাবে বেচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন!

বাংলা Bengali







শয়তান (সাপ) হবাকে বলল, “ঈশ্বর কি সত্যিই তোমাদের সব গাছের ফল খেতে বারন করেছেন?” তিনি বললেন, “একটি গাছ ছাড়া বাকী সব গাছের ফল আমরা খেতে পারি। আর যদি আমরা সেই গাছের ফল খাই কিংবা স্পর্শও করি, তাহলে আমাদের অবশ্যই মরতে হবে।” শয়তান দুষ্ট হেসে বলল, “তোমরা কিছুতেই মরবেনা।”
3
“তোমরা ঈশ্বরের মতই হয়ে উঠবে।” আর হবার মনে সেই গাছের ফলের প্রতি বাসনা হল। তিনি শয়তানের (সাপের) কথা শুনলেন এবং ফলটি মুখে দিলেন।
4
হবা ঈশ্বরের অবাধ্য হলেন এবং সেই ফল আদমকেও খেতে দিলেন। আদম বলতে পারতেন, “না না! আমি ঈশ্বরের কথার অবাধ্য হবো না।”
5
আদম এবং হবা যখন পাপ করলেন তখন তাঁরা বুঝতে পারলেন যে তাঁরা দুজনই উলঙ্গ। তখন ডুমুর গাছের পাতা দিয়ে তাঁরা পোশাক তৈরী করলেন, তা দিয়ে তারা তাদের লজ্জা নিবারন করলেন এবং ঈশ্বর যেন দেখতে না পায় সেজন্য ঝোপের মধ্যে লুকিয়ে রইলেন।
6
একদিন শান্ড়-সন্ধ্যা বেলায় ঈশ্বর বাগানে আসলেন। আদম এবং হবার অবাধ্যতার বিষয় তিনি জানতে পারলেন। আদম হবাকে দোষারোপ করলেন আর হবা সাপের উপর দোষ চাপালেন। সদাপ্রভু বললেন, “এই জন্য সাপ অভিশপ্ত হল। আর স্ত্রীজাতি যন্ত্রনার মধ্য দিয়ে সন্ড়ান প্রসব করবে।”
7
“আর তিনি আদমকে বললেন তোমার পাপের কারনে মাটি অভিশপ্ত হলো। তোমার জন্য মাটিতে কাঁটাগাছ ও শিয়ালকাঁটা গজাবে। খাবারের জন্য তোমাকে মাথার ঘাম পায়ে ফেলতে হবে।”
8
সদাপ্রভু আদম এবং হবাকে স্বর্গের সেই সুন্দর বাগান থেকে তাড়িয়ে দিলেন। কারন তাঁরা পাপ করেছিলেন এবং ঈশ্বরের দেয়া জীবন থেকে বিচ্ছিন্ন হয়ে পড়েছিলেন।
9
ঈশ্বর তাঁদেরকে তাড়িয়ে দেয়ার জন্য সেখানে একটি জ্বলন্ড় তলোয়ার রাখলেন। সদাপ্রভু আদম এবং হবাকে চামড়ার পোশাক তৈরী করে দিলেন। তাহলে ঈশ্বর এই চামড়া পেলেন কোথায়?
10
যথাসময়ে আদম এবং হবার বংশ বৃদ্ধি হলো। তাঁদের প্রথম সন্ড়ান কয়িন জমি চাষ করত। তাঁদের দ্বিতীয় সন্ড়ান হেবল ভেড়ার পাল চরাত। একদিন কয়িন সদাপ্রভুর কাছে তার জমির ফসল এনে উৎসর্গ করল।
11
হেবলও তার পাল থেকে প্রথমে জন্মেছে এমন কয়েকটা উত্তম ভেড়া এনে সদাপ্রভুর নিকট উৎসর্গ করল। সদাপ্রভু হেবল ও তার দান গ্রহন করলেন।
12
সদাপ্রভু কয়িন ও তার দান গ্রহন করলেন না। এতে কয়িনের খুব রাগ হলো। সেই অবস্থা দেখে সদাপ্রভু কয়িনকে বললেন, “যদি তুমি ভাল কাজ কর, তাহলে কি তোমাকে গ্রহন করা হবে না?”
13
কয়িনের রাগ কমল না। একদিন সে তার ভাই হেবলকে আক্রমণ করল এবং তাকে মেরে ফেলল।
14
সদাপ্রভু কয়িনকে বললেন, “তোমার ভাই হেবল কোথায়?” কয়িন বলল, “আমি জানিনা। আমার ভাইয়ের দেখাশোনার দায়িত্ব কি আমার?” ঈশ্বর শাস্ড়িস্বরূপ কয়িনের কাছ থেকে জমি চাষ করার সমস্ড় ক্ষমতা কেড়ে নিলেন এবং তাকে পালিয়ে বেড়াতে হলো।
15
কয়িন সদাপ্রভুর কাছ থেকে দূরে চলে গেল। আদম এবং হবার ঘরে জন্ম নেওয়া এক কন্যার সংগে তার বিয়ে হল। পরে তাদের বংশ বৃদ্ধি পেতে লাগল। অতি অল্প সময়ে কয়িনের নাতি-নাতনী এবং তাদের সন্ড়ান-সন্ড়তির বংশধরেরা তার তৈরী শহর পরিপূর্ণ করে তুলল।
16
আদম এবং হবার বংশ খুব তাড়াতাড়ি বৃদ্ধি পেতে লাগল। তখনকার দিনের মানুষেরা আজকের দিনের চেয়ে অনেক দিন বেশী বেঁচে থাকত।
17
শেথের জন্ম হবার পর হবা বললেন, “হেবলের পরিবর্তে সদাপ্রভু শেথকে আমার কোলে দিয়েছেন।” শেথ খুব ধার্মিক ছিলেন। তিনি ৯১২ বছর বেঁচেছিলেন এবং তাঁর অনেক সন্ড়ান-সন্ড়তি ছিল।
18